

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৯৩/২০১৬

অভিযোগকারী : জনাব মিলন খন্দকার
পিতা-আব্দুল জোব্বার খন্দকার
ভি-এইড রোড, কালিবাড়ীপাড়া
গাইবান্ধা ।

প্রতিপক্ষ : জনাব মোঃ আবদুল জোব্বার
উপজেলা শিক্ষা অফিসার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা ।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৯-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ১০-০৩-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, গাইবান্ধা সদর, গাইবান্ধা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

২০১৪ সালে গাইবান্ধা সদর উপজেলার পিটিআই উর্দীণ শিক্ষকদের নামের তালিকা, তাদের পিটিআই সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি এবং বর্তমানে কর্মরত সহকারী ও প্রধান শিক্ষকদের শিক্ষাগতযোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি। বর্তমানে উপজেলার পিটিআই উর্দীণ শিক্ষকদের বেতন-স্কেল ও বেসিক এর সত্যায়িত অনুলিপি। কর্মরত সহকারী ও প্রধান শিক্ষক আলাদাভাবে। বর্তমানে উপজেলার পিটিআই বিহীন শিক্ষকদের নামের তালিকা। কর্মরত সহকারী ও প্রধান শিক্ষক আলাদাভাবে। বর্তমানে উপজেলার পিটিআই বিহীন শিক্ষকদের বেতন-স্কেল ও বেসিক এর সত্যায়িত অনুলিপি। কর্মরত সহকারী ও প্রধান শিক্ষক আলাদাভাবে।

২। অভিযোগকারী স্বশরীরে সরাসরি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট আবেদন জমা দিতে গেলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তা গ্রহণে অস্বীকার করেন। তথ্য অধিকার আইনের ধারা ১৩ এর উপধারা (ক) অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধ করে ২৭-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

২। শুনানীতে অভিযোগকারী অভিযোগ প্রত্যাহারের আবেদন করে গরহাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার চাহিত তথ্য বিগত ৩০-০৪-২০১৬ তারিখে প্রদান করেছেন মর্মে তিনি কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

অভিযোগকারীর অভিযোগ প্রত্যাহারের আবেদন এবং প্রতিপক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি নিষ্পত্তির আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়। কিন্তু প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য মূল্য পরিশোধের জন্য চিঠি প্রেরণ না করায় তা আদায়যোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ আবদুল জোববার, উপজেলা শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয় গাইবান্ধা সদর, গাইবান্ধা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]